

ফরম-১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি বিপণন অধিদপ্তর



কৃষিপণ্যের যৌক্তিক মূল্য নির্ধারণ

[বিধি ৪ এর দফা (ঙ) ও বিধি ১৭ এর দফা (ঘ) দ্রষ্টব্য]

উৎপাদক, পাইকারি ও খুচরা পর্যায়ে যুক্তিসংগত শতকরা হারে মুনাফা ধার্য করিয়া যৌক্তিক বিক্রয়মূল্য নির্ধারণ সারণীঃ

ক্রমিক নং	কৃষিপণ্যের শ্রেণি বিভাগ	কৃষিপণ্যের বিবরণ	উৎপাদক পর্যায়ে যৌক্তিক মুনাফার সর্বোচ্চ শতকরা হার	পাইকারি পর্যায়ে যৌক্তিক মুনাফার সর্বোচ্চ শতকরা হার	খুচরা পর্যায়ে যৌক্তিক মুনাফার সর্বোচ্চ শতকরা হার
১	২	৩	৪	৫	৬
(ক)	খাদ্যশস্য	ধান, চাউল, গম, ভুট্টা ও অন্যান্য;	৩০%	১৫%	২৫%
(খ)	অর্থকরী ফসল	পাট, চা, তুলা, তামাক ও অন্যান্য;	৩০%	১৫%	২৫%
(গ)	ডাল ও কলাই	সকল প্রকার ডাল ও কলাই (খোসাসহ ও খোসা ব্যতীত)	৩০%	১৫%	২৫%
(ঘ)	তেলবীজ	রাই, সরিষা, তিল, তিষি, বাদাম, নারিকেল, রেচি, সূর্যমুখী, সয়াবিন ও অন্যান্য;	৩০%	১৫%	৩০%
(ঙ)	ইক্ষু এবং গুড়	ইক্ষু, সকল প্রকার গুড়;	৩৫%	১৫%	৩০%
(চ)	ফল	সকল প্রকার তাজা ও শুকনা ফল;	৩০%	২০%	৩০%
(ছ)	ফুল	সকল প্রকার তাজা ও শুকনা ফুল, ক্যাকটাস, অর্কিড, পাতাবাহার ও অন্যান্য;	৪০%	২৫%	৩০%
(জ)	শাক-সবজি	আলুসহ সকল প্রকার শাক-সবজি;	৪০%	২৫%	৩০%
(ঝ)	মাছ	সকল প্রকার মাছ (তাজা, শুকনা, লবণজাত ও হিমায়িত) ও অন্যান্য;	৩০%	১৫%	২৫%
(ঞ)	মসলা	পেঁয়াজ, রসুন, আদা, হলুদ, মরিচ (কৌচা) ও অন্যান্য;	৪০%	২০%	৩০%
		ধনিয়া, কালোজিরা, মরিচ (শুকনা) ও অন্যান্য	৩০%	১৫%	২৫%
(ট)	অন্যান্য কৃষিজাত পণ্য	ডিম, দুগ্ধ ও অন্যান্য দুগ্ধজাত দ্রব্য, সুপারি, পান, সকল প্রকার ভুসি, ডাব, নারিকেল ও অন্যান্য;	৩০%	১৫%	২৫%
(ঠ)	প্রক্রিয়াজাত কৃষিপণ্য	চিড়া, মুড়ি, সুজি, সেমাই, আটা, ময়দা, সকল প্রকার কৃষিপণ্যের রস ও জুস, আচার, বেসন, চিপস, অন্য যে কোনো প্রক্রিয়াজাত কৃষিপণ্য;	৩০%	১৫%	২৫%

ব্যাখ্যাঃ

(১) উৎপাদক পর্যায়ে যৌক্তিক মূল্য নির্ধারণ: কৃষিপণ্যের উৎপাদন খরচ ও বিপণন খরচ এর সহিত কলাম (৪) এ উল্লিখিত শতকরা হারে মুনাফা ধার্য করিয়া যৌক্তিক বিক্রয়মূল্য নির্ধারণ করিতে হইবে।

(২) পাইকারী পর্যায়ে যৌক্তিক মূল্য নির্ধারণ: কৃষিপণ্যের পাইকারী ক্রয় মূল্য (উৎপাদকের বিক্রয়মূল্য) ও বিপণন খরচ এর সহিত কলাম (৫) এ উল্লিখিত শতকরা হারে মুনাফা ধার্য করিয়া যৌক্তিক বিক্রয়মূল্য নির্ধারণ করিতে হইবে।

(৩) খুচরা পর্যায়ে যৌক্তিক মূল্য নির্ধারণ: কৃষিপণ্যের খুচরা কারবারীর ক্রয় মূল্য (পাইকারি বিক্রয়মূল্য) ও বিপণন খরচ এর সাথে কলাম ৬ এ উল্লিখিত শতকরা হারে মুনাফা ধার্য করে যৌক্তিক বিক্রয়মূল্য নির্ধারণ করিতে হইবে।